

: ২০১৯ - ২০২০ শিক্ষাবর্ষে ছাত্রীদের ভর্তি সংক্রান্ত সাধারণ তথ্য :

- * বর্ধমান বিশ্ববিদ্যালয়ে CBCS ব্যবস্থা অনুযায়ী তিন বছরের (৬ সেমিস্টার) B.A / B.Sc সান্মানিক ও সাধারণ পাঠক্রমে ২০১৯ - ২০২০ শিক্ষাবর্ষে ছগলী উইমেন্স কলেজে ভর্তির জন্য কেবল মাত্র অনলাইন আবেদন পত্র গ্রহন করা হবে, আগামী ২৯ শে মে, ২০১৯ তারিখ থেকে ৪ ঠা জুন, ২০২০ তারিখ পর্যন্ত।
- * অনলাইন, আবেদন, নিয়মাবলী, পদ্ধতি এবং অনলাইন পেমেণ্ট সংক্রান্ত তথ্য ও কাজের জন্য কলেজের নির্দিষ্ট ওয়েবসাইট www.hwcadmissions.com এ দেখতে হবে।
- * সকল আবেদন কারীকে অনুরোধ করা হচ্ছে যে, অনলাইন আবেদন পূরনের সময়ে তারা যেন সতর্কতার সাথে তাদের নিজ মোবাইল এবং নিজ ই-মেল প্রদান করে। ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, কেবলমাত্র ঐ মোবাইল নং এ SMS করে জানানো হবে। প্রয়োজনীয় তথ্য, সময়সূচী, বিজ্ঞপ্তির জন্য আবেদনকারীকে কলেজের ওয়েবসাইটটি নিয়মিত ভাবে অনুসরণ করতে নির্দেশ দেওয়া হচ্ছে। SMS পাওয়ার জন্য ও ভর্তির সূচী পরিবর্তনের সংক্রান্ত কোনরূপ অনুরোধ গ্রাহ্য হবে না।

: অনলাইন ফর্ম পূরনের পূর্ববর্তী কিছু প্রয়োজনীয় তথ্য :

১. ভর্তির জন্য আবেদন করা মানেই, তালিকাভুক্ত হবার আশ্বাস নয়।
২. কঠোরভাবে মেধার ওপর ভিত্তি করেই যোগ্য আবেদনকারীকে ভর্তি করা হবে। মেরিট নম্বর এবং পশ্চিমবঙ্গ সরকারের সংরক্ষন নীতি অনুযায়ী মেধা তালিকা তৈরী হবে। (মেরিট নম্বর বানানোর পদ্ধতি ওয়েবসাইটে পাওয়া যাবে)।
৩. সফলভাবে আবেদন করা এবং বৈধ আবেদন কারীদের তালিকায় নাম থাকা, ভর্তি সুনিশ্চিত করে না।
৪. আবেদন পত্রে পরিবেশিত তথ্যের জন্য আবেদনকারী নিজে দায়ী থাকবে। পরিবেশিত তথ্য ভর্তির কোনো স্তরে, এমনকি ভর্তি হবার পরেও ভুল বা ভ্রুটিপূর্ণ বলে পরিলক্ষিত হলে আবেদনটি বাতিল হবে।
৫. নিয়মের ব্যাখ্যা ও প্রয়োগ সম্বন্ধে প্রতিষ্ঠানিক প্রধানের সিদ্ধান্ত চূড়ান্ত বলে মানা হবে।
৬. বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নিবন্ধিকরণের আগে সমস্ত ভর্তি শর্তাধীন।

৭. ২০১৯, ২০১৮, ২০১৭, ২০১৬ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় সফল ভাবে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবলমাত্র ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৮. **আবেদন পূরণ :** একজন আবেদনকারী যতগুলি খুশি সাম্মানিক ও সাধারণ বিষয়ে আবেদন করতে পারবে। প্রতিটি সাম্মানিক ও সাধারণ বিষয়ের জন্য আলাদা আবেদনপত্র তৈরী হবে ও পৃথক পৃথক ভাবে আবেদনমূল্য জমা করতে হবে।

* প্রতিটি অনলাইন আবেদন মূল্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) এবং এর সাথে প্রযোজ্য ব্যাঙ্কিং চার্জ সামান্য, কেবল মাত্র ডেবিট / ক্রেডিট বা অনলাইন ব্যাঙ্কিং এর মাধ্যমে জমা করতে হবে। (এই সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পাওয়া যাবে।) সফলভাবে আবেদন মূল্য জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র সম্পূর্ণ হবে না।

৯. **ভর্তি :** অনলাইন পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া শেষ হবার পর, বৈধ আবেদন কারীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশিত হবে। কোনোরূপ অসংগতির ক্ষেত্রে, কলেজের হেল্প লাইনে (প্রদত্ত মোবাইল নং) জানাতে হবে ও প্রয়োজনে নির্দিষ্ট ই-মেল এ চিঠি পাঠাতে হবে।

* ওয়েবসাইটে মেধাতালিকা প্রকাশিত হবার পর, মেধাতালিকাতে নাম থাকা আবেদনকারীর [মেধাতালিকার ধাপ অনুসারে (Phase wise)] কাছে, মেধাতালিকা সম্পর্কীয় একটি SMS যাবে, সেই প্রার্থীকে তার অনলাইন ফর্ম পূরণের অ্যাকাউন্ট এ গিয়ে নিম্নলিখিত নথীগুলি স্ক্যান করে আপলোড করতে হবে।

ক.) উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশিটের কপি।

খ.) জন্মতারিখের প্রমাণপত্র (মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট / সংশাপত্র) এর কপি।

গ.) যথাযথ প্রতিষ্ঠানদ্বারা প্রাপ্ত জাতি সংশাপত্রের কপি (Caste Certificate)।
[অন্য রাজ্য থেকে প্রাপ্ত জাতি সংশাপত্র গ্রাহ্য হবে না।]

ঘ.) যথাযথ প্রতিষ্ঠানদ্বারা প্রাপ্ত PH সংশাপত্রের কপি (নূন্যতম ৪০% শারিরিক প্রতিবন্ধী থাকা আবশ্যিক)।

উপরিস্থ বিষয়গুলি আপলোড করার পর নির্ধারিত বিষয়ের জন্য ভর্তি মূল্য অনলাইনের মাধ্যমে জমা করে তার ভর্তি সুনিশ্চিত করতে হবে।

১০. নথিপত্র যাচাই : অনলাইনে ভর্তির ফর্ম জমা দেওয়ার পরে, আবেদনকারীকে তার স্বনির্বাচিত বিষয় অনুসারে নির্দিষ্ট ক্লাসে উপস্থিত থাকতে হবে। (ক্লাসের সময়সূচী ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।) ভর্তি মূল্য জমা করার পর আবেদনকারীকে নির্দিষ্ট দিনে সমস্ত নথি ও অনলাইন ফর্ম এর প্রিন্টেড কপি ও ভর্তির মূল্য সম্বন্ধীয় ব্যাঙ্কের কপি নিয়ে ক্লাসে উপস্থিত থাকতে হবে। নথি যাচাই হবে ক্লাসে, ভর্তির প্রক্রিয়া চলাকালীন নয়। নির্দিষ্ট দিনে ক্লাসে উপস্থিত না হলে, প্রার্থীর ভর্তি সম্পূর্ণ হবে না।

১১. পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান বিধি [No. 1084(20) Edn(v)/EH/IU/89-13, dated 07.12.2018 & No. 07-Edn(v)/IU-89/13, dated 02.01.2014] অনুযায়ী SC / ST / OBC-A / OBC-B এবং PH আসন সংরক্ষিত হবে। কেবলমাত্র পশ্চিমবঙ্গে বসবাসকারী প্রার্থীরাই সংরক্ষনের সুবিধা পাবে।

১২. কেবলমাত্র নির্বাচিত আবেদনকারীই হোস্টেলের সুবিধা পাবে। আবেদনকারীর মেধা তালিকায় স্থান, মেরিট নম্বর, তার বাড়ি থেকে কলেজের দূরত্ব ইত্যাদির ভিত্তিতে হোস্টেলের আসন দেওয়া হবে। (প্রথম সেমিস্টারের ছাত্রীদের জন্য ৪০ টি আসন বরাদ্দ আছে। হোস্টেলের আবেদনপত্র ওয়েবসাইটে দেওয়া আছে, আবেদনকারীরা ওয়েবসাইট থেকে ফর্মটি ডাউনলোড করে, সঠিকভাবে পূরণ করে, ক্লাস শুরু হবার দিন ফর্মটিকে জমা করতে হবে।)

উপরিস্তি নির্দেশাবলীর কোনো পরিবর্তন হলে ওয়েবসাইটের মাধ্যমে তা জানানো হবে।

অধ্যক্ষা
হুগলী উইমেন্স কলেজ